# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-08-2025** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) SSC নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার মুর্শিদাবাদের বড়ঞাঁর তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবন কৃষ্ণ সাহার ছয়দিনের ইডি হেফাজত।

২) পশ্চিম মেদিনীপুরের কুচলাচটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা তনুশ্রী দাস এবং কলকাতার নিউটাউনের দিল্লি পাবলিকস্কুলের শিক্ষিকা মধুরিমা আচার্য এবার জাতীয় শিক্ষকের সম্মান পাচ্ছেন।

৩) পূর্ব মেদিনীপুরের খেজুরিতে ২ জনের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় তদন্তভার CID-কে দেওয়া হতে পারে বলে কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ প্রাথমিক পর্যবেক্ষণে জানিয়েছেন।

৪) আসন্ন পুজোর মরশুমে ডেঙ্গি প্রতিরোধের লক্ষ্যে শহরের সমস্ত পুজো কমিটিগুলিকে বিশেষ নির্দেশিকা জারি করতে চলেছে কলকাতা পুরসভা।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মাদার টেরেসার ১১৫ তম জন্মদিন উদযাপন করা হচ্ছে।

৬) বজ্রপাতের বিষয়ে মানুষকে সতর্ক করতে বিভিন্ন এলাকায় ১২০-টি লাইটেনিং ডিটেক্টর লাগানো হয়েছে বলে জানিয়েছে ভারতীয় আবহাওয়া দপ্তর।

oooooooooooooooooooooo

SSC নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত মুর্শিদাবাদের বড়এগ্রার তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহাকে গতকাল ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে বিচারক তাকে ৬ দিনের ইডি হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, বেআইনি আর্থিক লেনদেন ও হিসেব বহির্ভূত বিপুল সম্পত্তি করার অভিযোগে আজ ভোরে তার বাড়িতে হানা দেয় এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি। দীর্ঘ তল্লাশির পর ফের গ্রেফতার করা হয় তাকে।

এস এস সি-র নবম ও দশম শ্রেণির নিয়োগ দুর্নীতি মামলাতেও বছর দেড়েক আগে গ্রেফতার হন এই বিধায়ক। পরে তিনি জামিনে মুক্তি পান।

উল্লেখ্য, নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে ইডি গতকাল মুর্শিদাবাদ, বীরভূম, রাজারহাট ও পুরুলিয়ায় একাধিক জায়গায় তল্লাশি চালায়। বড়এগ্রায় বিধায়কের বাড়ি ছাড়াও রঘুনাথগঞ্জে তাঁর শ্বশুর বাড়ি ও সাঁইথিয়া এক আত্মীয়ার বাড়িতেও তল্লাশি চালানো হয়।

বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারী জীবনকৃষ্ণ সাহার গ্রেফতারের ঘটনায় রাজ্য সরকারের সমালোচনা করেছেন এবং মাথাদের গ্রেফতারের দাবি জানান তিনি।

(বাইট – শুভেন্দু )

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও বলেছেন, তৃণমূল কংগ্রেস সবরকম দুর্নীতিতে জড়িত।

(বাইট – অধীর)

এদিকে, সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রী ও তার সরকার রাজ্যকে দুর্নীতির আখড়া বানিয়ে ফেলেছেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস পাল্টা অভিযোগ করেছে, কেন্দ্র এজেন্সিগুলিকে কাজে লাগিয়ে বিরোধীদের দমিয়ে রাখতে চাইছে।

ooooooooooooooooooooo

যেসব পুজো কমিটি ইউটিলাইজেশন সার্টিফিকেট, অর্থাৎ অনুদানের টাকা কীভাবে খরচ হয়েছে তার হিসাব দেয়নি, তাদের অনুদান আদৌ দেওয়া হবে কিনা কলকাতা হাইকোর্ট তা রাজ্য সরকারের কাছে জানতে চেয়েছে। দুর্গাপূজার অনুদান সংক্রান্ত জনস্বার্থ মামলায় গতকাল দুই বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চে মামলার শুনানি হয়। কতগুলি ক্লাব এখনো পর্যন্ত অনুদানের টাকা খরচের হিসাব দেয়নি, তার সঠিক সংখ্যা ও অনুদান দেওয়ার ক্ষেত্রে রাজ্যের যুক্তি কী— এই বিষয়ে রাজ্যের পক্ষ থেকে হলফনামা দাখিলের জন্য সময় চাওয়া হয়। আদালত রাজ্যের এডভোকেট জেনারেল কিশোর দত্তকে নির্দেশ দিয়েছে, হলফনামা দাখিল করতেই হবে। মামলার পরবর্তী শুনানি আগামী বুধবার। শুনানির সময়ে রাজ্যের এজি বলেন, প্রত্যেক বছরই পুজোর আগে এই ধরনের মামলা করা হয়। পুজোর ছুটির পর মামলাটি শুনলে ভালো হয়। রাজ্য হলফনামা দিলে মামলাকারীদের সমস্ত বক্তব্য খারিজ হয়ে যাবে।

oooooooooooooooooooooo

এরাজ্যের দুজন এবার জাতীয় শিক্ষকের সম্মান পাচ্ছেন।কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক এবছরের জাতীয় শিক্ষকদের যে নাম ঘোষণা করেছে তাতে পশ্চিম মেদিনীপুরের কুচলাচটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা তনুশ্রী দাস এবং কলকাতার নিউটাউনের দিল্লি পাবলিক স্কুলের শিক্ষিকা মধুরিমা আচার্যকে এই পুরষ্কারের জন্য মনোনীত করা হয়েছে।

এবছর সারা দেশে মোট ৪৫ জন শিক্ষক-শিক্ষিকা জাতীয় শিক্ষকের পুরস্কার পাচ্ছেন। ৫ সেপ্টেম্বর শিক্ষক দিবসে দিল্লির বিজ্ঞান ভবনে তাঁদের হাতে সম্মান তুলে দেওয়া হবে। রৌপ্য পদকের পাশাপাশি পুরস্কার হিসেবে দেওয়া হবে ৫০ হাজার টাকা।

ooooooooooooooooooooo

বেশ কিছু সরকারি কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ পূর্ব বর্ধমান জেলা সফরে যাচ্ছেন। বর্ধমানে এক সরকারি অনুষ্ঠান মঞ্চ থেকে তিনি জমির পাট্টা বিলি ও বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধে জনসাধারণের হাতে তুলে দেবেন। এছাড়াও বেশ কিছু প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করার কর্মসূচী রয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

oooooooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের খেজুরিতে ২ জনের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় তদন্তভার CID-কে দেওয়া হতে পারে। কারন এই তদন্ত এখনো সিবিআইকে দেওয়ার মত পরিস্থিতি তৈরি হয়নি বলে প্রাথমিক পর্যবেক্ষণে জানিয়েছেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। আজ তিনি লিখিত নির্দেশ দেবেন।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষ এদিন বলেছেন, DIG পদমর্যাদার এক আধিকারিকের নেতৃত্বে সিট গঠন করবেন এডিজি CID', হোমিসাইড শাখার আধিকারিকরাও থাকবেন সিটে। তবে আজ সকালে লিখিত নির্দেশ দেবেন বলে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানিয়েছেন।

উল্লেখ্য এর আগে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের নির্দেশে মৃত দেহের দ্বিতীয়বার ময়নাতদন্ত হয় কলকাতা এসএসকেএম হাসপাতালে। তাতে তিন চিকিৎসকের বিশেষজ্ঞ দল রিপোর্ট দিয়ে জানায়, আঘাতের ফলেও মৃত্যু হতে পারে। যদিও প্রথম ময়নাতদন্ত রিপোর্টে বলা হয়েছিল বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তাদের মৃত্যু হয়েছে। সেই রিপোর্ট দেখে সন্দেহ প্রকাশ করেছিলেন বিচারপতি।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন পুজো মরশুমে ডেঙ্গু প্রতিরোধের লক্ষ্যে শহরের সমস্ত দুর্গাপুজো কমিটিগুলোকে বিশেষ নির্দেশিকা জারি করতে চলেছে কলকাতা পুরসভার স্বাস্থ্য বিভাগ। ডেপুটি মেয়র অতীন ঘোষ একথা জানিয়েছেন। পুরসভা সূত্রে জানা গেছে, প্রায় দু'হাজার পুজো কমিটির নাম পুরসভার তালিকায় নথিভুক্ত রয়েছে, এই সমস্ত পুজো কমিটিগুলিকে একটি নির্দেশিকার মাধ্যমে সতর্কবার্তা পাঠানো হবে। এই বিশেষ নির্দেশিকায় বলা হয়েছে, পুজোর মন্ডপ তৈরীতে ব্যবহৃত লম্বালম্বিভাবে রাখা বাঁশের ওপরের অংশটি বালি বা মাটি দিয়ে ভরাট করে দিতে হবে কিংবা বাঁশের মুখ কাপড় দিয়ে বেঁধে দিতে হবে যাতে সেখানে বৃষ্টির জল জমে ডেঙ্গু মশার উৎস তৈরী হতে না পারে।

শহরের প্রতিটি ওয়ার্ডে জল জমে ডেঙ্গু মশার বংশবৃদ্ধি আটকাতে পুরসভার তরফে পুজো মণ্ডপের আশেপাশে পুর-স্বাস্থ্যকর্মীরা নিয়মিত নজরদারি চালাবে বলে নির্দেশিকায় বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের খবরের আয়নার বিষয় প্রধানমন্ত্রীর পশ্চিমবঙ্গ ও বিহার সফরে, পূর্ব ভারতের উন্নয়নের নতুন অভিমুখ। মতামত দিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত। কলকাতা মেট্রোর জনসংযোগ আধিকারিক রূপায়ণ মিত্র ও ইন্ডিয়ান

ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক সুজয়া বসু। সংকলন অভিজিৎ চক্রবর্তী। এটি শোনা যাবে, আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে।

oooooooooooooooooooo

স্কুলের মিড ডে মিল কর্মীদের প্রতি বঞ্চনার অভিযোগে এবং পড়ুয়াদের মিড ডে মিলের বরাদ্দ বৃদ্ধির দাবিতে রাজ্যের তিনটি মিড ডে মিল কর্মী সংগঠনের যৌথ মঞ্চ "পশ্চিমবঙ্গ মিড ডে মিল কর্মী যৌথ সংগ্রাম কমিটি" আজ নবান্ন অভিযানের ডাক দিয়েছে । সকালে শিয়ালদা স্টেশন ও কলকাতার বাবুঘাট থেকে দুটি মিছিল রওনা হয়ে সুবোধ মল্লিক স্কোয়ারে জমায়েতের পর সেখান থেকে নবান্নের উদ্দেশ্যে রওনা হবে।

oooooooooooooooooooo

এদিকে, পূর্ব বর্ধমানের মন্তেশ্বর ঈশনা প্রাথমিক বিদ্যালযের প্রধান শিক্ষককে শোকজ করেছে জেলা প্রাথমিক শিক্ষা সংসদ। প্রধান শিক্ষক কুমুদরঞ্জন হাজরার বিরুদ্ধে স্কুলের ক্ষুদে পড়ুয়াদের দিয়ে মিডডে মিলের বাজার করানো, এবং সেই ভারী মালপত্র মাথায় করে বহন করানোর অভিযোগ উঠে।

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান মধুসূদন ভট্টাচার্য জানিয়েছেন, প্রধান শিক্ষককে শোকজ করা হয়েছে। পাশাপাশি ঘটনার তদন্ত চলছে।

oooooooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের ভগবানপুর থানার তালতলা এলাকায় গোকুলচন্দ্র মুড়া নামে এক শিক্ষককে স্কুলে যাবার সময় স্থানীয় এক যুবক চড়াও হয়ে ধারালো অস্ত্রের আক্রমণে কব্জি থেকে হাতের অংশ কেটে নিলে আতঙ্ক ছড়িয়ে পড়ে। আশঙ্কাজনক অবস্থায় ঐ শিক্ষককে চিকিৎসার জন্য কলকতায় নিয়ে আসা হয়েছে। জানা গিয়েছে ঐ শিক্ষকের নাবালিকা মেয়েকে বিয়ে করে ঐ যুবক পালিয়ে গেলে শিক্ষক পক্সো আইনে মামলা করেন। মামলায় দোষী সাব্যস্ত ওই যুবক দু বছর কারাদন্ড ভোগ করার পর প্রতিহিংসা চরিতার্থ করতে ঐ শিক্ষকের ওপর চড়াও হয় বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের আসানসোল বাজার এলাকায় ইস্টার্ন রেলওয়ে স্কুলের সামনে রেলের জমি দখল করে থাকা দোকান উচ্ছেদকে কেন্দ্র করে গতকাল ব্যাপক উত্তেজনা ছড়ায়। রেলের আধিকারিকরা আরপিএফ কর্মীদের নিয়ে দোকানদারদের উচ্ছেদ করতে যান। খবর পেয়ে ঘটনাস্থলে আসেন তৃনমুল শ্রমিক সংগঠনের নেতা রাজু আলুওয়ালিয়া। তিনি রেলের আধিকারিকদের কাছে উচ্ছেদের কারন জানতে চান। এ নিয়ে রেলের আধিকারিকদের সংগে তাঁর তীব্র বাদানুবাদ শুরু হয়। রাজু আলুওয়ালিয়া বলেন, সামনেই উৎসবের মরশুম। তার আগে কোনো ভাবেই ব্যবসায়ীদের উচ্ছেদ করা যাবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মাদার টেরেসার ১১৫ তম জন্মদিন উদযাপন করা হচ্ছে। এই দিনটিতে আজীবন মানব সেবায় ব্রতী মাদার Teresa কে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে স্মরণ করা হবে। মাদারের জন্মদিন উপলক্ষে মাদার হাউসে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে। মাত্র ১৮ বছর বয়সে মাদার দুস্থ, অসহায় ও আর্তের সেবায় নিজেকে উৎসর্গ করেন। মানবসেবার স্বীকৃতি স্বরূপ তাকে ১৯৭৯ সালে নোবেল শান্তি পুরস্কার প্রদান করা হয়। দুস্থ মানুষের সেবা কল্পে মাদার কলকাতায় প্রতিষ্ঠা করেন মিশনারিজ করে অফ চ্যারিটি। ২০১৬ সালে মাদার কে সেন্ট হিসাবে ঘোষণা করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় আবহাওয়া দফতরের মহা নির্দেশক মৃত্যুঞ্জয় মহাপাত্র বলেছেন, সারা দেশে বজ্রপাতে মৃত্যুর ঘটনা বেড়ে চলেছে। বজ্রপাত চিহ্নিত করার জন্য বিভিন্ন এলাকায় লাইটেনিং ডিটেক্টার লাগানো হয়েছে। এরফলে কোথায় বজ্রপাত হবে তার পূর্বাভাষ দেওয়া সম্ভব হচ্ছে। বর্তমানে ৮৬ শতাংশ সঠিকভাবে পূর্বাভাষ দেওয়া গেলেও আগামী দিনে তা ১-শো শতাংশ হবে বলে তিনি জানিয়েছেন।

(বাইট – মৃত্যুঞ্জয় মহাপাত্র)